## ৫ম উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর ৪৭তম (মে, ২০২৩খ্রি. মাসের) সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | শাহিদ মাহমুদ<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী। |
| তারিখ | ঃ | ৩০ মে, ২০২৩খ্রি.। |
| সময় | ঃ | বেলা ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |
| অনুপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য। |

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার,নীলফামারী সদর গত ৩০-০৪-২০২৩খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ৪৬টি কমিউনিটি ক্লিনিক এবং ২টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র সপ্তাহে ৬দিন খোলা রেখে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান করা হচ্ছে।</td><td>প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদানে নিয়মিত ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিক পরিদর্শন/মনিটরিং করতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা<br>নীলফামারী সদর।</td></tr>
<tr><td>০২.উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি সম্পসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি রবি মৌসুমে বিভিন্ন ফসল নির্বিঘ্নে ঘরে তোলার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদর বিভিন্ন পর্যায়ের কর্মককর্তাগণ কৃষকদেরকে পরামর্শ প্রদান করে যাচ্ছে। বাজারে রাসায়নিক সারসহ অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক পর্যায়ে রয়েছে। মে ২০২৩ মাসের ইউরিয়া সারের বরাদ্দ ২৩৪ মেঃ টন, টিএসপি সারের বরাদ্দ ২৬.২৫ মেঃ টন, এমওপি সারের বরাদ্দ ৫৭.২ মেঃ টন ও ডিএপি সারের বরাদ্দ ১১৮ মেঃ টন। অদ্য ৩০-৫-২০২৩খ্রি. তারিখ পর্যন্ত ইউরিয়া সারের মজুদ ২৮৭ মেঃ টন, টিএসপি সারের মজুদ ৬৬ মেঃ টন, এমওপি সারের মজুদ ৩০ মেঃ টন ও ডিএপি সারের মজুদ ২৩১ মেঃ টন। তিনি চলতি রবি মৌসুমের বিভিন্ন ফসলের তথ্যাদি নিম্নোক্তভাবে উপস্থাপন করেনঃ
<table>
<tr><th>ফসলের নাম</th><th>লক্ষ্যমাত্রা (হেঃ)</th><th>অর্জিত মাত্রা (হেঃ)</th><th>কর্তন (হেঃ)</th><th>গড় ফলন (মে. টন/ হেঃ)</th></tr>
<tr><td>বোরো ধান</td><td>২৩৭০২</td><td>২৩৭০২</td><td>২২৫১৬</td><td>৪.৪৯</td></tr>
<tr><td>পেঁয়াজ</td><td>৫০০</td><td>৫০০</td><td>৫০০</td><td>১০.০</td></tr>
<tr><td>ভূট্টা</td><td>২৮২০</td><td>২৮২০</td><td>২৭৯০</td><td>১২.০</td></tr>
<tr><td>শাকসবজি</td><td>৬৫০</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>আউশ ধান আবাদের অগ্রগতি</td><td>৫৬০</td><td>৫৬০</td><td>-</td><td>-</td></tr>
</table>
</td><td>১। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>২। ফসলের রোগবালাই দমনে মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণের মাধ্যমে কৃষকদেরকে নিয়মিত পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার<br>নীলফামারী সদর।</td></tr>
<tr><td>০৩. উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মাছের রেনু পোনার সঠিক মান নিশ্চিতের জন্য এ উপজেলার হ্যাচারী নিয়মিত পরিদর্শন প্রদান করা হচ্ছে। বাজারে নিষিদ্ধ মাছ বিক্রয় বন্ধে মাছ বাজারে অভিযান পরিচালনা করা হচ্ছে।</td><td>১। মাছের রেনু পোনার সঠিক মান নিশ্চিতের জন্য নিয়মিত বাজার মনিটরিং করতে হবে।<br>২। নিষিদ্ধ মাছ বিক্রয় বন্ধে মাছ বাজারে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>নীলফামারী সদর।</td></tr>
<tr><td>০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গবাদিপশু ও হাসমুরগির চিকিৎসা প্রদান এবং গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান রয়েছে।</td><td>গবাদিপশু ও হাঁস-মুরগির চিকিৎসা ও কৃত্রিম প্রজনন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা<br>নীলফামারী সদর।</td></tr>
</table>

চলমান

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় বর্তমানে সক্ষম দম্পতি ১০৬২৬৪জন, পরিবার পরিকল্পনা গ্রহণকারী ৮৭৪৮৬জন, সি এ আর ৮২.৩৩%, মোট গর্ভবতী ৩৩৯৭জন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব ৩৬জন এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ৩০জন। এছাড়াও পরিবার পরিকল্পনা বিভাগ হতে এপ্রিল ২০২৩খ্রি. মাসে খাবার বড়ি ২৮৬৫৪ চক্র, আপন ৯৬৯ চক্র, কনডম ১২৫০৫ পিস, ইনজেকশন ৩১৫২ ভায়াল, আইইউডি ৪৪ জন, ইমপ্ল্যান্ট ০৯ জন ও ইসিপি ১২ জনকে প্রদান করা হয়েছে। এছাড়াও ২৩জন মহিলাকে স্থায়ী পদ্ধতি পদান করা হয়েছে। | মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারির মাধ্যমে জনসাধারণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ এবং স্বাভাবিক প্রসবে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার নীলফামারী সদর। |

**০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে "উপজেলা উন্নয়ন সহায়তা" খাতের অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী নীলফামারী সদর উপজেলা পরিষদের অনুকূলে ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করেছেন। উক্ত টাকা সময় স্বল্পতার কারণে কোটেশন (আরএফকিউ) পদ্ধতিতে বাস্তবায়নের জন্য ০৯ (নয়) টি প্রকল্পের জন্য ০৬ (ছয়) টি প্যাকেজ ৪৯,২৫,০০০/- (উনপঞ্চাশ লক্ষ পঁচিশ হাজার) টাকায় বাস্তাবায়নের জন্য এবং জরিপ তদারকি ব্যয় বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ও আনুসাংগিক ব্যয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা বিভাজন করা হয়েছে এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের (ইউপিডিএফ) বরাদ্দ হতে ৩০% হারে ৬৫,২২,০০০/- টাকার মধ্যে ৩৪,০০,০০০/- টাকার পিআইসি ১ম পর্যায়ে গৃহীত হওয়ায় অবশিষ্ট (৬৫,২২,০০০-৩৪,০০,০০০/-) = ৩১,২২,০০০/- টাকার মধ্যে ১৫টি ইউনিয়নে মোট (১৫ X ২,০০,০০০/-) = ৩০,০০,০০০/- টাকার প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন। বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রকল্পের টেন্ডাকৃত টাকার ৫% সাশ্রয়কৃত ৩,০৯,০০০/- (তিন লক্ষ নয় হাজার) টাকা অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে সামাজিক ধর্মীয় প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানে সিলিং ফ্যান বিতরণের প্রকল্পটি কোটেশন আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়ন এবং উপজেলা পরিষদের আবাসিক ভবনের পদ্মা কোয়াটার মেরামত করণের জন্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। সময় স্বল্পতার কারণে কোটেশন (আরএফকিউ) পদ্ধতিতে বাস্তবায়নের নিমিত্তে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। নিম্নে প্রকল্প গুলি প্রদত্ত হলো।

(ক) ২০২২-২০২৩ অর্থ বছরে "উপজেলা উন্নয়ন সহায়তা" খাতের অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ উপখাতের প্রকল্প সমূহ কোটেশন আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য সুপারিশকৃত স্কীম/প্রকল্প সমূহঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় (লক্ষ) |
|---|---|---|
| UPDH/RFQ/N/S/ 2022-23/01 | খোকশাবাড়ী ইউনিয়ন শিকলটারী ত্রাণের ব্রীজের গাইডওয়াল নির্মাণ। | ৯,৭০,২৪০.০০ |
| UPDH/RFQ/N/S/ 2022-23/02 | ছমির উদ্দিন স্কুল এন্ড কলেজ এর ওয়াশ ব্লক নির্মাণ, পৌরসভা নীলফামারী। | ৮,১১,১০৪.১৯ |
| UPDH/RFQ/N/S/ 2022-23/03 | বাবুর বাজার মাদরাসা যাওয়ার রাস্তার কালভার্ট মেরামত পঞ্চপুকুর ইউনিয়ন। | ৫,১৪,৫৭৬.২৫ |
| | আসাদুল এর বাড়ী সংলগ্ন রাস্তায় পানি নিস্কাশনের জন্য ইউড্রেন মেরামত, রামনগর ইউনিয়ন। | ৪৭,১২৯.২০ |
| | কিসামত দোগাছী শ্রীকান্ত বটের তলি রাস্তায় ইউড্রেন নির্মাণ, টুপামারী ইউনিয়ন। | ১,৩১,৭০৩.৬১ |
| | চড়াইখোলা ইউনিয়ন দোলা পাড়া কালামের বাড়ী সংলগ্ন রাস্তায় ইউড্রেন নির্মাণ। | ৮৩,৬৩০.৯৭ |
| UPDH/RFQ/N/S/2 022-23/04 | উত্তরাশশী ত্রাণের ব্রীজের গাইড ওয়াল নির্মাণ, পঞ্চপুকুর। | ৮,৭৩,১৩৪.৩০ |
| UPDH/RFQ/N/S/2 022-23/05 | বালাপাড়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয় এর ওয়াশ ব্লক নির্মাণ, কুন্দপুকুর ইউনিয়ন। | ৭,৪৮,৮২৮.২৯ |
| UPDH/RFQ/N/S/2 022-23/06 | যাদুর হাট সোনামণি কেজি স্কুল এর শ্রেণি কক্ষ মেরামত, চাপড়াসরমজানী ইউনিয়ন। | ৭,৪৩,৫১৫.৫৫ |
| | মোট টাকা | ৪৯২৩৮৬২.৩৬ |

(খ) ২০২২-২০২৩ অর্থ বছরে "উপজেলা উন্নয়ন সহায়তা" খাতের অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ উপখাতের প্রকল্প সমূহ আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য জরীপ ও তদারকী ব্যয় এবং আনষাংগিক ব্যয়ের স্কীম/প্রকল্পসমূহ ঃ

| প্রকল্প নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| ০১ | ২০২২-২০২৩ অর্থ বছরে "উপজেলা উন্নয়ন সহায়তা" প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে বিভিন্ন আনুষাংগিক মালামাল ক্রয় | ২৫,০০০/- |
| ০২ | ২০২২-২০২৩ অর্থ বছরে "উপজেলা উন্নয়ন সহায়তা" প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে জরীপ ও তদারকী ব্যয় | ৫০,০০০/- |
| | মোট টাকা | ৭৫,০০০/- |

**সিদ্ধান্ত:**

১। প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্পসমূহের বিভিন্ন খাতে অগ্রাধিকার ও জনগুরুত্ব বিবেচনায় ৬টি প্যাকেজে ৯টি প্রকল্প আরএফকিউ পদ্ধতিতে এবং এডিপির টেন্ডারকৃত প্রকল্পের ৫% সাশ্রয়ের অর্থ হতে ১টি প্রকল্প আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) এডিপির বিশেষ বরাদ্দের জরীপ ও তদারকী ব্যয় বাবদ ৭৫০০০/-টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের (ইউপিডিএফ) আওতায় ১৫টি প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত বরাদ্দে উপজেলা পরিষদের আবাসিক ভবন পদ্মা এর ইউনিট সি আরএফকিউ পদ্ধতিতে মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) উপজেলা পরিষদ চেয়ারম্যানের আবাসিক কোয়াটার এর সংশোধিত প্রাক্কলন সভায় অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**বাস্তবায়নে:** উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর।

চলমান

(গ) বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) প্রকল্পের টেন্ডারকৃত টাকার মধ্যে ৫% সাশ্রয় টাকার কোটেশন আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য সুপারিশকৃত স্কীম/প্রকল্পসমূহ ঃ-

| | | |
|---|---|---|
| ADP/RFQ/Nil/Sa /2022-23/07 | অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের অসহায় মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ করন (৫% সাশ্রয়কৃত টাকা)। | ৩,০৯,০০০.০০ |

(ঘ) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের (ইউপিডিএফ) আওতায় প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সুপারিশকৃত স্কীম/প্রকল্পসমূহ ঃ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১ | নীলফামারী সদর উপজেলার ১নং চওড়াবড়গাছা ইউনিয়নের পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের স্বাবলম্বি করার জন্য হাঁস-মুরগি বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ২ | নীলফামারী সদর উপজেলার ২নং গোড়গ্রাম ইউনিয়নের পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের স্বাবলম্বি করার জন্য হাঁস-মুরগি বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ৩ | নীলফামারী সদর উপজেলার ৩নং খোকশাবাড়ী ইউনিয়নের পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের স্বাবলম্বি করার জন্য হাঁস-মুরগি বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ৪ | নীলফামারী সদর উপজেলার ৪নং পলাশবাড়ী ইউনিয়নের পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের স্বাবলম্বি করার জন্য হাঁস-মুরগি বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ৫ | নীলফামারী সদর উপজেলার ৫নং টুপামারী ইউনিয়নের পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের স্বাবলম্বি করার জন্য হাঁস-মুরগি বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ৬ | নীলফামারী সদর উপজেলার ৬নং রামনগর ইউনিয়নের পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের স্বাবলম্বি করার জন্য হাঁস-মুরগি বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ৭ | নীলফামারী সদর উপজেলার ৭নং কচুকাটা ইউনিয়নের পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের স্বাবলম্বি করার জন্য হাঁস-মুরগি বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ৮ | নীলফামারী সদর উপজেলার ৮নং পঞ্চপুকুর ইউনিয়নের পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের স্বাবলম্বি করার জন্য হাঁস-মুরগি বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ৯ | নীলফামারী সদর উপজেলার ৯নং ইটাখোলা ইউনিয়নের পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের স্বাবলম্বি করার জন্য হাঁস-মুরগি বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ১০ | নীলফামারী সদর উপজেলার ১০নং কুন্দপুকুর ইউনিয়নের পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের স্বাবলম্বি করার জন্য হাঁস-মুরগি বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ১১ | নীলফামারী সদর উপজেলার ১১নং সোনারায় ইউনিয়নের পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের স্বাবলম্বি করার জন্য হাঁস-মুরগি বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ১২ | নীলফামারী সদর উপজেলার ১২নং সংগলশী ইউনিয়নের পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের স্বাবলম্বি করার জন্য হাঁস-মুরগি বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ১৩ | নীলফামারী সদর উপজেলার ১৩নং চড়াইখোলা ইউনিয়নের পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের স্বাবলম্বি করার জন্য হাঁস-মুরগি বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ১৪ | নীলফামারী সদর উপজেলার ১৪নং চাপড়াসরমজানী ইউনিয়নের পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের স্বাবলম্বি করার জন্য হাঁস-মুরগি বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ১৫ | নীলফামারী সদর উপজেলার ১৫নং লক্ষীচাপ ইউনিয়নের পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের স্বাবলম্বি করার জন্য হাঁস-মুরগি বিতরণ। | ২,০০,০০০.০০ |
| | মোট টাকা | ৩০,০০,০০০.০০ |

উপজেলা পরিষদের আবাসিক ভবন পদ্মা আরএফকিউ পদ্ধতিতে মেরামতের প্রকল্প

| ক্রঃ নং | প্রকল্পের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|
| RFQ/PADMA/Nil/ 2022-2023-02 | উপজেলা পরিষদের আবাসিক ভবন পদ্মা মেরামত | ১০০০০০০.০০ |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান এঁর আবাসিক কোয়াটার নির্মাণ কাজের কিছু কিছু আইটেম ডিজাইন ও প্রাক্কলনের ভূল থাকায় সংশোধনের জন্য নিম্নোক্তভাবে উপস্থাপন করা করেনঃ<br>১) স্যান পাইলিং অতিরিক্ত আইটেম - ডিজাইন পরিবর্তনের ক্ষেত্রে স্যান পাইলিং করা হয়েছে।<br>২) মাটি ভরাট, বহন পরীক্ষা - স্যান পাইলিং করার পরে মাটি পরীক্ষা করা হয়েছে।<br>৩) টাইলস এর সাইজ পরিবতন - চেয়ারম্যান উপজেলা পরিষদ সদর, নীলফামারী, মহোদয়ের চাহিদা অনুযায়ী<br>পরিবর্তন করা হয়েছে।<br>৪) সিঁড়িতে মার্বেলের পরিবর্তে টাইলস- যাহা মূল প্রাক্কলনের মূল্য হইতে বৃদ্ধি পাওয়ায় মার্বেলের পরিবর্তে টাইলস ধরা হয়েছে।<br>৫। রোলিং সাঁটার-মোটর গাড়ীর গ্যারেজ সিকিউরিটি না থাকায় রোলিং সাঁটার প্রদান করা হয়েছে।<br>৬। মাটি ভরাট-প্রকল্প সাইড নিচু হওয়ায় ভবনের চতুর পার্শ্বে মাটি ভরাট করে সমতল ভূমি করা হয়েছে।<br>৭। পাট-০১(ফাউন্ডেশন), পাট-০২ (গ্রাউন্ড ফ্লোর), পাট-০৩ (ফাস্ট ফ্লোর), পাট-০৪ (চিলাকোটা) এর বিভিন্ন আইটেমে ডিজাইন অস্থায়ী মূলে প্রাক্কলনে ভূল থাকায় আইটেম সমূহের সংশোধন করা হয়েছে। পাট-০৫(স্যানেটারী), পাট-০৬ চেয়ারম্যান, উপজেলা পরিষদ এঁর চাহিদা অনুযায়ী কিছু কিছু আইটেম পরিবর্তন ও সংযোজন-বিয়োজন করা হয়েছে।<br>তিনি পরিবর্তীত আইটেমসমূহ সভায় অনুমোদনের জন্য প্রস্তাব পেশ করেন। | | |
| <u>০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাসহ সকল প্রকার ভাতা নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠভাবে বিতরণ করা হচ্ছে। তিনি সকলের উদ্দেশ্যে আরও জানান যে, কিছু প্রতারক চক্র বিভিন্ন কৌশলে ভাতা ভোগীর মোবাইলের OTP সংগ্রহ করে ভাতার অর্থ হাতিয়ে নিচ্ছে। এ বিষয়ে ভাতাভোগীদের সচেতনতা বৃদ্ধির জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। সভায় উক্ত বিষয়ে অনেক আলোচনা করা হয়। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। মাইকিং এর মাধ্যমে ভাতাভোগীদের সচেতনতা বৃদ্ধি করতে হবে।<br>৩। ইউনিয়ন সমাজকর্মীর মাধ্যমে প্রতি সপ্তাহে নির্ধারিত একদিন ভাতা ভোগীদের অভিযোগ গ্রহণ এবং নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার<br>নীলফামারী সদর। |
| <u>০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ</u> উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নীলফামারী সদর জানান যে, তার দপ্তরের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে এবং আদায় হার সন্তোষজনক। চলতি অর্থ বছরে ৬০জন মৎস্য চাষিকে প্রশিক্ষণ প্রদান করা হবে। তিনি সকল ইউপি চেয়াম্যানগণকে প্রশিক্ষণার্থী প্রেরণ/ নির্বাচনের জন্য অনুরোধ জানান। | নির্ধারিত সময়ের মধ্যে ৬০জন মৎস্য চাষিকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| <u>০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | প্রোগ্রাম অফিসার<br>মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারী। |
| <u>১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ</u> উপসহকারী প্রকৌশলী সভায় জানান যে, "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৪র্থ পর্যায়ে ৩৯০টি অগভীর নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৪র্থ ধাপে অগভীর নলকূপের স্থাপন কাজ চলমান রয়েছে। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় আগামী ২০২৩-২৪ অর্থ বছরের জন্য ৩৯০টি নলকূপের বরাদ্দ পাওয়া গিয়াছে। নীতিমালা অনুযায়ী ৫০% মাননীয় সংসদ সদস্য মহোদয়ের। তিনি সংশ্লিষ্ট সকলকে সাইট লিস্ট প্রদানের জন্য অনুরোধ করেন। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয় গুলোতে জিপিএস/এনএনজিপিএস/পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। | ১। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় আগামী ২০২৩-২৪ অর্থ বছরের প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী সংশ্লিষ্টদের নিকট হতে সাইট লিস্ট সংগ্রহপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করতে হবে।<br>২। চলমান প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী<br>ডিপিএইচই<br>নীলফামারী সদর। |

চলমান

CS CamScanner

| | | |
|---|---|---|
| ১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, পিইডিপি-৪ এর আওতায় চলতি অর্থ বছরে ১২ সরকারি প্রাথমিক বিদ্যালয় মাইনর মেরামত কাজের বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ প্রাপ্ত প্রতিষ্ঠানের মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুত করার জন্য তিনি উপজেলা প্রকৌশলীকে সভার মাধ্যমে অনুরোধ করেন। | মাইনর মেরামত কাজের বরাদ্দ প্রাপ্ত ১২ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মেরামত কাজের প্রাক্কলন উপজেলা প্রকৌশলী প্রস্তুত করবেন। | উপজেলা শিক্ষা অফিসার নীলফামারী সদর |
| ১২. উপজেলা সমবায় বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে বিনা ব্যর্থতায় কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে বিনা ব্যর্থতায় কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের সময়ে সময়ে প্রশিক্ষণ প্রদান এবং মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নীলফামারী সদর। |
| ১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, মাঠ পর্যায়ে ইজিপিপি কাজ চলমান। তিনি ইউপি চেয়ারম্যানগণকে কাজের তদারকি করার জন্য অনুরোধ করেন। এ পর্যায়ে চেয়ারম্যান, ইটাখোলা ইউপি সংশ্লিষ্ট ইউনিয়নের ট্যাগ অফিসারের মাধ্যমে কাজের তদারকি করার প্রস্তাব পেশ করেন। অস্বচ্ছল বীরমুক্তিযোদ্ধাগণের জন্য বীরনিবাস নির্মাণ প্রকল্পের আওতায় বীরনিবাস নির্মাণ কাজ চলমান রয়েছে। | ইজিপিপি কাজের সংশ্লিষ্ট চেয়ারম্যান ও ট্যাগ অফিসার তদারকি করবেন। | ১। ইউপি চেয়ারম্যান (সকল) নীলফামারী সদর।<br>২। ট্যাগ অফিসার(সকল) নীলফামারী সদর।<br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, নীলফামারী সদরে ৬টি প্রকল্পের কার্যক্রম চলমান আছে। | প্রকল্পসমূহে কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৬. বন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে বিনা ব্যর্থতায় কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| ১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, জিআর, ইপি, ওপি, ভিজিডি ও ওএমএস খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ চলছে। খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনামোতাবেক ভিডব্লিউবি খাতে পুষ্টিচাল সরবরাহ করা হচ্ছে। মে ২০২৩ পর্যন্ত মাসের চালের ডিও ইস্যু করা হয়েছে। ভিডব্লিউবি সুবিধা গ্রহণের জন্য খাদ্য বান্ধব কর্মসূচির অনেক সুবিধাভোগী আবেদন করায় খাদ্য বান্ধব কর্মসূচি হতে নাম কর্তন হয়েছে। বাতিলকৃত সংখ্যার বিপরীতে নতুন সুবিধাভোগী আগামী ০৫-০৬-২০২৩খ্রি. তারিখের মধ্যে নির্বাচনের জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় আগামী ০৫-০৬-২০২৩খ্রি. তারিখের মধ্যে সুবিধাভোগী নির্বাচনের জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ইউপি চেয়ারম্যান(সকল) |
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল প্রকার তথ্য নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় আইন শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। বর্তমানে কোন সমস্যা নাই। | আইন-শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বদা সজাগ থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ নীলফামারী। |
| ২১. আইসিটি বিভাগঃ সভায় সহকারী প্রোগ্রামার জানান যে, উপজেলা পর্যায়ে সরকারি দপ্তরসমূহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা প্রয়োজন। তিনি সকল দপ্তরের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করার জন্য সকল কর্মকর্তাগণকে অনুরোধ করেন। | ১। উপজেলা পর্যায়ের সকল দপ্তরের ওয়েব সাইট নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>২। বেকার যুব/ যুব মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | ১। উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, নীলফামারী সদর<br>২। সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর নীলফামারী সদর |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ২২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্রসেচ): কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) জানান যে, নীলফামারী সদর ইউনিট অফিসের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকার প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ) নীলফামারী সদর। |
| ২৩. নির্বাচন কমিশনঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার নীলফামারী সদর। |
| ২৪. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২৫. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, প্রকল্প কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী প্রাথমিক স্বাস্থ্য পরিক্ষা কর্মসূচির আওতায় তথ্যকেন্দ্রে আগত এবং ডোর টু ডোর সেবাগ্রহীতাগণকে সেবা প্রদান করা হচ্ছে এবং উঠান বৈঠকের কার্যক্রম চলমান রয়েছে। | নারীদের প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা, ডোর টু ডোর সেবা প্রদান এবং উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| ২৫. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের অর্থ হতে অনুমোদিত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিয়নের ০৮(আট)টি কমিউনিটি ক্লিনিকে ০৮(আট)টি ডেলিভারীরুম নির্মাণ কাজ সম্পন্ন হওয়ায় গত ১১-০৪-২০২৩খ্রি. তারিখ জনাব আসাদুজ্জামান নুর, মাননীয় সংসদ মহোদয়ের মাধ্যমে শুভ উদ্বোধন করা হয়েছে। ৬ষ্ঠ পর্যায়ের বরাদ্দ অদ্যাবধি পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া মাত্রই প্রকল্প বাছাই ও অনুমোদনঅন্তে বাস্তবায়ন করা হবে। | ৬ষ্ঠ পর্যায়ের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে যথানিয়মে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর নীলফামারী সদর। |

আলোচ্যসূচি বিবিধ ০১। উপজেলা পরিষদ রাজস্ব খাতের ব্যয় অনুমোদন।

সভায় জানানো হয় যে, এপ্রিল, ২০২৩খ্রি. মাসে নিম্নবর্ণিত ব্যয় করা হয়েছে। যা সভায় অনুমোদন প্রয়োজন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত খরচের ব্যয়োত্তর অনুমোদন করা হয়।

| রাজস্ব বিল নং | তারিখ | বিলের বর্ণনা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ৭৮/২০২২-২৩ | ০২/০৪/২০২৩খ্রি. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর মার্চ, ২০২৩ মাসের সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা বিল। | ৪৫,০০০.০০ |
| ৭৯/২০২২-২৩ | ০২/০৪/২০২৩খ্রি. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর মার্চ, ২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ৮০/২০২২-২৩ | ০২/০৪/২০২৩খ্রি. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর মার্চ, ২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ৮১/২০২২-২৩ | ০২/০৪/২০২৩খ্রি. | উপজেলা পরিষদে কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ২জন কর্মচারির মার্চ, ২০২৩ মাসের মজুরি বিল। | ২৩,৫০০.০০ |
| ৮২/২০২২-২৩ | ০৬/০৪/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের আবাসিক ভবন কর্ণফুলি ও যমুনা এবং গ্যারেজ মেরামত ব্যয় বিল। | ৬০,৭৮৮.০০ |
| ৮৩/২০২২-২৩ | ০৬/০৪/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের পানির পাম্প মেরামত ও পুনস্থাপন ব্যয় বিল। | ৮২,৭০০.০০ |
| ৮৪/২০২২-২৩ | ০৬/০৪/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের পুরাতন প্রশাসনিক ভবনের পানির পাম্প মেরামত ও পুনস্থাপন ব্যয় বিল। | ৭২,৪৫০.০০ |
| ৮৫/২০২২-২৩ | ০৬/০৪/২০২৩খ্রি. | উপজেলা পরিষদ কর্তৃক পরিষদ চত্তর ও আশ্রয়ণ প্রকল্প এলাকায় বৃক্ষ রোপন ব্যয় বিল। | ৭৪,৬০০.০০ |
| ৮৬/২০২২-২৩ | ০৬/০৪/২০২৩খ্রি. | উপজেলা পরিষদ কর্তৃক পরিষদ চত্তর ও আশ্রয়ণ প্রকল্প এলাকায় বৃক্ষ রোপন ব্যয় বিল। | ৫০,০০০.০০ |
| ৮৭/২০২২-২৩ | ০৬/০৪/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরের পৌরকর বাবদ মেয়র, নীলফামারী পৌরসভাকে প্রদান | ৬,১৭,২৭৩.০০ |
| ৮৮/২০২২-২৩ | ০৬/০৪/২০২৩খ্রি. | নীলফামারী সদর উপজেলাধীন চড়াইখোলা, চওড়াবড়গাছা, পলাশবাড়ী ও ইটাখোলা ইউনিয়নে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ১১টি পরিবারকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান বিল। | ২৯,০০০.০০ |
| ৮৯/২০২২-২৩ | ১২/০৪/২০২৩খ্রি. | উপজেলা পরিষদে কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ১জন মুসলিম কর্মচারির(মালী) পবিত্র ঈদ-উল ফিতর ২০২৩ উৎসব ভাতা বিল। | ৭,৫০০.০০ |
| ৯০/২০২২-২৩ | ১৭/০৪/২০২৩খ্রি. | জনাব শাহিদ মাহমুদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর জুলাই ২২ হতে জানুয়ারি ২৩ পর্যন্ত সময়ের দৈনিক ভাতা(ডিএ)বিল। | ৫৮,৭৫০.০০ |

চলমান

CamScanner

আলোচ্যসূচি বিবিধ ০২। উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভা।

সভায় আলোচনাকালে জানা যায় যে, গত ২০-৩-২০২৩খ্রি. তারিখে উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় হাট-বাজার উন্নয়ন ও আয় বৃদ্ধির লক্ষ্যে ভবানীগঞ্জ হাটে ০৪(চার)টি, রামগঞ্জ হাটে ০৪(চার)টি, দুহলী হাটে ০১(এক)টি, পঞ্চপুকুর হাটে ০৩(তিন)টি এবং জানকীগঞ্জ হাটে ০১(এক)টি প্রকল্প বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গৃহীত সিদ্ধান্তমোতাবেক হাট-বাজার উন্নয়ন প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শাহিদ মাহমুদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

CamScanner

# উপজেলা পরিষদ

নীলফামারী সদর, নীলফামারী।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১. ২৬(৫০)

তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৩ নীলফামারী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, নীলফামারী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

১০। উপজেলা.........................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

১১। চেয়ারম্যান, ..........................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

০১/০৬/২০২৩

(জেসমিন নাহার)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন নম্বর ০৫৫১-৬১৩৯৬
ই-মেইলঃ unonilphamari@mopa.gov.bd

CamScanner